

হাজীগঞ্জে বিদ্যালয়ের বই বিক্রির সময় প্রধান শিক্ষিকা আটক

হাজীগঞ্জ (চাঁদপুর)

চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলার বনং বড়ফুল ইউনিয়নের, গোপালখোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোসাম্মদ শরীফা বেগম বিদ্যালয়ের বই বিক্রির সময় জনগণের হাতে আটক হয়েছে। এ ঘটনাটি ঘটে ২৭ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকেলে বিদ্যালয় ছুটির পর। ঘটনাটি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনার বিবরণে জানা যায়,

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ২০১১ সালের বই এবং চলতি শিক্ষাবর্ষ ২০১২ সালের নতুন বই উপজেলা প্রশাসন ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্যদের না জানিয়ে বিক্রির সময় এলাকাবাসী আটক করে। এ সময় এলাকাবাসী বিক্রয়কৃত ৫৫০ পিস বই আটক করে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যের বাড়িতে রাখে। প্রধান শিক্ষিকা শরীফা বেগমকে তার পূর্বের কর্মস্থলে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির কারণে গোপালখোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি করা হয়। উপজেলা সহকারী শিক্ষা অফিসার ও রাষ্ট্রনীমুড়া ক্লাসটারের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মো. মুব্বিন রহমান ভূঁইয়া এ বিষয়ে বলেন, আমরা ঘটনাটি জানেছি তদন্ত সাপেক্ষে ওই শিক্ষিকার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।